

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
সংস্থাপন-১ শাখা
ঢাকা।

নং- এডি-পি১-০২০০/১৪৮

তারিখ: ১৩ জানুয়ারি ২০২০

প্রেরক: মোঃ আব্দুল্লাহ আল ফরহাদ
সহকারী সচিব (সংস্থাপন-১)

প্রাপক: প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক)
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়: পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক জনাব খন্দকার মোহাম্মদ তাল্হা-এর অনুকূলে ৯০ (নব্বই) দিনের বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুরি প্রসঙ্গে।


জনাব,

আদিষ্ট হয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক জনাব খন্দকার মোহাম্মদ তাল্হা-এর অনুকূলে আগামী ০১ ফেব্রুয়ারি ২০২০ হতে ৩০ এপ্রিল ২০২০ তারিখ পর্যন্ত অথবা ছুটি ভোগের প্রকৃত তারিখ হতে মোট ৯০ (নব্বই) দিনের বহিঃবাংলাদেশ ছুটি প্রদানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মঞ্জুরি জ্ঞাপন করছি। উল্লেখ্য, উক্ত ছুটি তিনি তাঁর পরিবারের সাথে দেখা করা ও চিকিৎসার উদ্দেশ্যে যুক্তরাজ্য এবং এশিয়া ও ইউরোপের বেশকিছু দেশে অতিবাহিত করবেন।

০২। জনাব খন্দকার মোহাম্মদ তাল্হা-এর উক্ত ছুটি ভোগের ক্ষেত্রে বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ নেই।

০৩। যথোপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ মঞ্জুরিপত্র জারি করা হলো।

আপনার একান্ত,



13.01.2020

(মোঃ আব্দুল্লাহ আল ফরহাদ)
সহকারী সচিব (সংস্থাপন-১)
ফোন: ৯৫৬৪০৭৮

ই-মেইল: pl@mofa.gov.bd

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মহাপরিচালক (প্রশাসন/পররাষ্ট্র মন্ত্রীর দপ্তর), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০২। জনাব খন্দকার মোহাম্মদ তাল্হা, মহাপরিচালক, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। পরিচালক (পররাষ্ট্র প্রতিমন্ত্রীর দপ্তর/পররাষ্ট্র সচিবের দপ্তর/সংস্থাপন/কনসুলার), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (এসএসএ/কনসুলার), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা (বহিরাগমন সংক্রান্ত প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধসহ-ফ্যাক্স: ৮৯০১৫৪৪)।
- ০৭। বাংলাদেশ হাইকমিশন, লন্ডন।
- ০৮। সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথি।


13.01.2020

(মোঃ আব্দুল্লাহ আল ফরহাদ)
সহকারী সচিব (সংস্থাপন-১)